

2020

BENGALI

[HONOURS]

Paper : IV

[NEW SYLLABUS]

Full Marks : 100

Time : 4 Hours

*The figures in the right-hand margin indicate marks.**Candidates are required to give their answers in their own words as far as practicable.*

- ১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $১ \times ৫ = ৫$
- ক) চন্দ্রাপীড়ের মাতার নাম কী?
- খ) “কুস্তীলক ও plagiarist শব্দের অর্থ জিজ্ঞাসা করিলেন” — এই দুই শব্দের অর্থ কী?
- গ) পত্রসাহিত্যের আঙ্গিকে লেখা একটি বাংলা উপন্যাস ও একটি কাব্যের নাম লেখকের নামসহ লেখো।
- ঘ) ‘দুই জাতিই জগতের প্রথম ও প্রধান শিক্ষক’ — কোন্ দুই জাতির কথা বলা হয়েছে?
- ঙ) “সেগুলি প্রাচীন ভারতের জয় ঘোষণা করিতেছে” — কিসের মাধ্যমে প্রাচীন ভারতের জয় ঘোষিত হচ্ছে?
- চ) ‘পঞ্চকেদার’ কার লেখা কোন্ শ্রেণীর গ্রন্থ?
- ছ) ‘লেখক শ্রীললিতকুমার মুখোপাধ্যায়’ — প্রাবন্ধিক প্রমথ চৌধুরী এই লেখকের কোন্ রচনার কথা উল্লেখ করেছেন?

- ২। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $২ \times ১০ = ২০$
- ক) ‘ঠিক যেন শেষ রাত্রে পদ্ম’ — শেষ রাত্রে পদ্মের সঙ্গে কার তুলনা করা হয়েছে? কেন?
- খ) “এই কল্যাণী ইচ্ছাই উৎসবের প্রাণ” — ইচ্ছাটি কী?
- গ) “প্রথমখানি গন্ধমাদন বিশেষ .... দ্বিতীয়খানি কিছু কৃশ হইলেও আশু প্রাণঘাতী” — কার, কোন্ দুটি গ্রন্থ সম্পর্কে একথা বলা হয়েছে?
- ঘ) “কিয়ৎপরেই ‘কুমারী’র ডাল হইতে সেই শ্লোক আবার উচ্চারিত হইল” — শ্লোকটির প্রথম পংক্তি লেখো।
- ঙ) “এই বন্দোবস্ত দেখিয়া বড় পরিতৃপ্ত হইলাম” — লেখক কোন্ বন্দোবস্ত দেখে কেন পরিতৃপ্ত হয়েছিলেন?
- চ) ‘উভয়ে একত্র বর্তমান’ — কোন্ বিষয়ের কথা বলা হয়েছে? প্রসঙ্গ নির্দেশ করো।
- ছ) ‘ব্যাপারটা কিছু তিক্ত হইলেও আখেরে কাজে লাগিল’ — কোন্ ব্যাপারটিকে তিক্ত বলা হয়েছে এবং কে এ ব্যাপারে শিক্ষাদান করেছিলেন?
- জ) কোন্ জার্মান দার্শনিক ভেবেছিলেন যে, তাঁর মাতৃভাষা দর্শনগ্রন্থ রচনার পক্ষে উপযোগী নয়? কার রচনা তাঁর এই ভাবনাকে ভুল প্রমাণিত করে?
- ঝ) ‘এত উৎসাহে গ্রীকদিগের যে সর্বাঙ্গীণ সুন্দর শিক্ষা হইবে আশ্চর্য কি? — গ্রীকদের কিভাবে উৎসাহিত করা হত?
- ঞ) ঔপন্যাসিক বঙ্কিমচন্দ্রের ‘চন্দ্রশেখর’ উপন্যাসের প্রধান তিনটি চরিত্রের সঙ্গে টেনিসনের কোন্ কাব্যের কোন্ তিনটি চরিত্রের সাদৃশ্য খুঁজে পাওয়া যায়?

- ট) 'বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃকোড়ে' — কোন্ প্রসঙ্গে লেখক এই উক্তি করেছেন?
- ঠ) 'বর্তমান সমস্যা' কোন্ প্রবন্ধ গ্রন্থের অন্তর্গত? এই গ্রন্থের অন্য প্রবন্ধগুলির মধ্যে যে কোনো একটির নাম লেখো।
- ৩। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $৬ \times ৫ = ৩০$
- ক) বিষয়গৌরবী প্রবন্ধ ও আত্মগৌরবী প্রবন্ধের মূল পার্থক্যগুলি চিহ্নিত করো। বাংলায় দুধরনের প্রবন্ধের একটি করে নিদর্শনসহ তাদের বৈশিষ্ট্যের পরিচয় দাও।
- খ) বিজাতীয় ভাষায় শিক্ষালাভের অসুবিধাগুলি লেখককে অনুসরণ করে ব্যাখ্যা করো।
- গ) বঙ্কিমচন্দ্রের যুগকে কেহ কেহ 'Hindu Revival' বা 'হিন্দুর নব-জাগরণের যুগ' বলিয়া থাকেন' — কোন্ প্রবন্ধের অংশ? এ বিষয়ে প্রাবন্ধিকের দৃষ্টিভঙ্গি বিশ্লেষণ করো।
- ঘ) 'পালামৌ' গ্রন্থ অবলম্বনে কোল জাতির নৃত্যের পরিচয় দাও।
- ঙ) ভ্রমণসাহিত্যের সংজ্ঞা, স্বরূপ ও বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে লেখকের নামসহ চারটি উল্লেখযোগ্য বাংলা ভ্রমণসাহিত্যের নাম লেখো।
- চ) 'কালেজি শিক্ষার অনেক উৎকৃষ্ট গুণ আছে বলিয়াই আমরা উহার দোষ প্রদর্শনে এত যত্নবান হইয়াছি' — প্রাবন্ধিক কেন একথা বলেছেন?
- ছ) 'একলব্যের মতোই ড.সেনের কল্পিত মূর্তি খাঁড়া করিয়া বাংলা সাহিত্যের ইতিবৃত্তের জটিল গ্রন্থি মোচনে প্রবৃত্ত হইলাম' — কোন্ উদ্দেশ্য সামনে রেখে প্রাবন্ধিক

কীভাবে এই চেষ্টায় রত হয়েছিলেন, তার সংক্ষিপ্ত বিবরণ দাও।

- জ) 'মনুষ্য ইতিহাসে এই মুষ্টিমেয় অলৌকিক বীর্যশালী জাতি এক অপূর্ব দৃষ্টান্ত' — কোন্ জাতি প্রসঙ্গে কেন একথা বলা হয়েছে, তা পাঠ্য অনুসরণে লেখো।
- ৪। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :  $১৫ \times ৩ = ৪৫$
- ক) 'আমাদের উৎসবে এই অন্তরেরই প্রথম প্রতিষ্ঠা' — প্রাবন্ধিক পুরাতন ও নতুনকালের উৎসব প্রসঙ্গে আলোচনা করে কীভাবে এই সিদ্ধান্তে উপনীত হয়েছেন তা পাঠ্য প্রবন্ধ অবলম্বনে বুঝিয়ে দাও।
- খ) 'গল্পগুচ্ছ' আশ্চর্য বই। ইতিহাসের দিক থেকে আশ্চর্য, আন্তরিক মূল্যেও তা-ই।' — প্রাবন্ধিকের এমন মন্তব্যের কারণ মতামতসহ উল্লেখ করো।
- গ) "আজ তাঁহার সংবর্ধনা উপলক্ষে তাঁহার কাছে অধমর্গের ঋণ স্বীকার করিয়া বিদায় লই" — কার সম্পর্কে একথা বলা হয়েছে? 'অধমর্গ' কীভাবে 'উত্তমর্গের প্রতি তার ঋণ স্বীকার করেছেন, পাঠ্য প্রবন্ধ অবলম্বনে বিশদভাবে লেখো।
- ঘ) হাস্যরস 'পালামৌ' প্রবন্ধটিকে রমণীয় রসে অভিষিক্ত করে অন্য মাত্রা দিয়েছে — আলোচনা করো।
- ঙ) 'আধুনিক বাংলা সাহিত্যে রোমান্টিক ভাবধারা' প্রবন্ধে প্রাবন্ধিক ক্লাসিকাল ও রোমান্টিক রচনারীতির তুলনামূলক আলোচনা করে আধুনিক বাংলা সাহিত্যের গতিপ্রকৃতি সম্পর্কে যেভাবে আলোচনার গভীরে প্রবেশ করেছেন তা বিশদ ভাবে লেখো।